উমাইয়া খিলাফতের ইতিহাস

বই	**উমাইয়া খিলাফতের ইতিহাস (১ম খণ্ড)**
লেখক	ড. আলি মুহাম্মদ সাল্লাবি
ভাষান্তর	মাহদি হাসান, শাহ মুহাম্মদ খালিদ ও মাহমুদ আহমাদ
সম্পাদনা	কুতুব ইলাহী, মাহদি হাসান
নিরীক্ষণ	মাহদি হাসান
বানান সমন্বয়	মুহাম্মদ পাবলিকেশন প্রুফ রিডিং টিম
প্রচ্ছদ	আবুল ফাতাহ মুন্না
অঙ্গসজ্জা	মুহাম্মদ পাবলিকেশন গ্রাফিক্স টিম

উমাইয়া খিলাফতের ইতিহাস

[১ম খণ্ড]

ড. আলি মুহাম্মদ সাল্লাবি

মুহাম্মদ পাবলিকেশন

প্রকাশকের কথা

সর্বপ্রথম আল্লাহ তাআলার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি—আলহামদুলিল্লাহ! তিনি বড় মহান, দয়াবান। তাঁর অশেষ দয়া ও অনুগ্রহে এমন বড় একটি গ্রন্থের কাজ সমাপ্ত করা সম্ভব হয়েছে; লাকাল হামদু ওয়া লাকাশ শোকর।

খিলাফতে রাশিদার সোনালি যুগের পর বনু উমাইয়ার হাত ধরেই ইসলামের প্রথম প্রজন্মের রেখে যাওয়া অমূল্য সম্ভার পরবর্তী প্রজন্মের শিরায়-গ্রন্থিতে প্রবাহিত হয়েছে। নবিজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও সম্মানিত সাহাবিগণের শাসননীতি, রাজনীতি এবং সমরনীতি থেকে শুরু করে রাষ্ট্রীয় ও পররাষ্ট্র সম্পর্কিত সবকিছুই উমাইয়াদের সময় পূর্ণ জোয়ারে বইতে শুরু করে। বিশেষত আলি রাদিয়াল্লাহু আনহুর পরবর্তী সময়ে মুসলিমবিশ্বে যখন শিয়া ও খারিজির মতো নানা ফিরকার উদ্ভব ঘটে, তখন রাসুলুল্লাহ ও সাহাবিগণের প্রকৃত আদর্শের অনুসারী হিসেবে আবির্ভূত হন উমাইয়া খলিফাগণ; যারা আহলুস সুন্নাহ ওয়াল জামাআতের পতাকা হাতে প্রায় শতাব্দীকালব্যাপী পৃথিবীতে খিলাফতের নেতৃত্ব দিয়েছেন।

মুসলিম ইতিহাসের প্রতিটি শাসনামলকেই দৃশ্যমান নানা চক্রান্তের পাশাপাশি অদৃশ্য বিভিন্ন ষড়যন্ত্রের শিকার হতে হয়েছে। উমাইয়া খিলাফতকেও বহুমুখী ষড়যন্ত্রের মোকাবিলা করতে হয়েছে; মুনাফিকদের চক্রান্তে জর্জরিত হয়েছে প্রতিটি শাসনকেন্দ্র, অভ্যন্তরীণ কোন্দলে রক্তাক্ত হয়েছে প্রতিটি প্রান্তর। বহিঃশত্রুর নির্লজ্জ প্রোপাগান্ডায় ক্ষুণ্ণ করা হয়েছে উমাইয়া সন্তানদের গুরুত্বপূর্ণ অবদান, সাফল্যকে ছাপিয়ে প্রচার করা হয়েছে সাম্রাজ্যের সমস্যা ও সংকটের দীর্ঘ ফিরিস্তি।

ইতিহাসের পরতে পরতে উমাইয়া খিলাফতকে ঘিরে পুঞ্জীভূত হওয়া ঘৃণাচর্চার এসব বুদ্বুদ সরিয়ে বিশুদ্ধ ও ইনসাফপূর্ণ ইতিহাসের উপস্থাপক হিসেবে আবির্ভূত হয়েছেন বর্তমান বিশ্বের খ্যাতিমান ইতিহাসগবেষক ড. আলি মুহাম্মদ সাল্লাবি। ক্ষুরধার লেখার স্বতন্ত্র ধাঁচে একই সঙ্গে ঘটনা ও ব্যক্তিদের তুলে আনার অনুপম শিল্পী আলি সাল্লাবি। তিনি একে একে উমাইয়া খলিফাগণের বৃত্তান্ত তোলে আনার পাশাপাশি চলমান ঘটনার আড়ালে ঘটমান অনুঘটনাকেও নজরে এনেছেন—যেসবকিছু মূলত মঞ্চের মূল চরিত্রকে প্রভাবিত করে ইতিহাসের প্রকৃত সত্যকে ধোঁয়াশা করে রেখেছিল। তার এই কর্মযজ্ঞ পাঠককে ইতিহাসের প্রশ্নবিদ্ধ বিরোধগুলো নিয়ে নতুন করে ভাবতে বাধ্য করবে। এছাড়া নববি ও খিলাফতে রাশিদার যুগের প্রশাসনিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক পরিমণ্ডলের রেশ কীভাবে উমাইয়া খিলাফতকে গ্রহণযোগ্য পাটাতনে দাঁড় করিয়ে দিয়েছিল, সেই গুরুত্বপূর্ণ দিকটিও উঠে এসেছে—যা অন্যান্য ইতিহাসগ্রন্থে অনুপস্থিত।

উমাইয়া খিলাফতের সময়কালে ইসলামি শাসন ও শরিয়া বাস্তবায়নের ফলে যে আলো ছড়িয়ে পড়েছিল, তা বর্তমান সময়ের জন্য কতটা প্রাসঙ্গিক—বইটি অধ্যয়নের পরই তার বাস্তবতা উপলব্ধি করা যাবে। জটিল-কঠিন বিষয়ের মনোজ্ঞ উপস্থাপনা ও বিশ্লেষণে পরিপূর্ণ এই বৃহৎ গ্রন্থটি বাংলাভাষী পাঠকের নিকট কালজয়ী ও আকর-সূত্র হয়ে থাকবে বলে আমার বিশ্বাস।

প্রিয় পাঠক, ছয় খণ্ডের এই গ্রন্থটি মুহাম্মদ পাবলিকেশনের এ যাবৎকালের সবচেয়ে বড় কর্মযজ্ঞ। একঝাঁক দক্ষ অনুবাদক, সম্পাদক, প্রুফরিডার, ডিজাইনারসহ কয়েকজন প্রিয় ও শ্রদ্ধেয় মানুষ এ প্রকল্প সফল করতে রাতদিন খেটেছেন, যাদের প্রত্যেকেই মুহাম্মদ পরিবারকে আন্তরিকভাবে ভালোবাসেন। মুহাম্মদ পাবলিকেশন তাদের ভালোবাসার কাছে ঋণী।

অনুবাদক হিসেবে প্রবীণদের পাশাপাশি যোগ্য নবীনরাও যুক্ত হয়েছেন; সবার কাজ ও প্রচেষ্টার প্রতি আমরা কৃতজ্ঞ। অনুবাদ করেছেন—মাহদি হাসান, শাহ মুহাম্মদ খালিদ, মাহমুদ আহমাদ, শাহরিয়ার হাসান, মুজাহিদুল ইসলাম মাইমুন, ইলিয়াস আশরাফ, আবদুন নুর সিরাজি, যায়েদ মুহাম্মদ, আহনাফ তাহমিদ এবং হামেদ বিন ফরিদ।

অনুবাদ নিরীক্ষণের পুরো কাজটি করেছেন দক্ষ ও প্রতিভাবান লেখক ও অনুবাদক মাহদি হাসান। ইতিহাসের নানা শাখা-প্রশাখায় তিনি কাজ করে অনেক আগেই আপনাদের হৃদয়ে জায়গা করে নিয়েছেন। এই বিশাল কাজের মাধ্যমে তার ধৈর্য ও অধ্যবসায় পাঠকের সামনে উন্মোচিত হলো।

ভাষাসম্পাদনা করেছেন জনাব কুতুব হিলালী; আবু আলি মোহাম্মদ ও যায়েদ মুহাম্মদ। তাদের প্রত্যেকেই নিজকর্মে দক্ষ, সুপরিচিত ও পাঠকের নিকট গ্রহণযোগ্য মানে উত্তীর্ণ। পুরো গ্রন্থের সিংহভাগ কাজ সম্পন্ন করেছেন শ্রদ্ধেয় কুতুব হিলালী; নিঃসন্দেহে এটি তার অসাধারণ কৃতিত্ব ও দক্ষতার পরিচয় বহন করবে। বাকি অংশের কাজ সম্পন্ন করেছেন বহুগ্রন্থ সম্পাদক আবু আলি মোহাম্মদ ও প্রতিভাবান আলিম ও অনুবাদক যায়েদ মুহাম্মদ; আল্লাহ তাদের উত্তম বিনিময় দান করুন।

বানান সমন্বয়ের জন্য বিশেষ কৃতজ্ঞতা স্বীকার করছি মাকামে মাহমুদ ও মুহাম্মদ প্রুফরিডিং টিমের প্রতি। এতগুলো খণ্ডে বানান সমন্বয় বেশ কষ্টসাধ্য ও সুকঠিন। তারপরও ধৈর্যের সঙ্গে সময় দেওয়ার জন্য সবার প্রতি রইল ভালোবাসা ও কৃতজ্ঞতা।

প্রিয় পাঠক, বইটি আমরা ছয় খণ্ডে প্রকাশ করছি। এর মাধ্যমে ইতিহাসের পাঠককে সময়ের সবচেয়ে সেরা কিছু উপহার দিতে চেষ্টা করেছি। বড় কাজ হিসেবে মনুষ্য সীমাবদ্ধতায় নানা বিচ্যুতি থেকে যাওয়া স্বাভাবিক, এটি মেনে নিয়েই আপনাদের সামনে আমাদের সর্বোচ্চ প্রচেষ্টা উপস্থাপন করছি। আল্লাহ আমাদের ভুলত্রুটি ক্ষমা করুন। সকলের প্রচেষ্টা কবুল করুন। আল্লাহ মহা পবিত্র, খুঁতহীন ও ত্রুটিমুক্ত। সকল প্রশংসা আল্লাহর।

আল্লাহুম্মা সাল্লি আলা মুহাম্মাদ ওয়া আসহাবিহি ওয়া সাল্লিম।

—মুহাম্মদ আবদুল্লাহ খান
১ সেপ্টেম্বর ২০২১

পুনশ্চ : ইবনু শব্দ আমরা আরবি ব্যাকরণ হিসেবে নয়, বরং প্রসিদ্ধির বিবেচনায় ব্যবহার করেছি এবং প্রসিদ্ধির বিবেচনায় অনেকের ক্ষেত্রে বিন শব্দ ব্যবহার করেছি।

সম্পাদকীয়

সকল প্রশংসা মহান আল্লাহর, যিনি আমাদের প্রতি হিদায়েতের বাণী কুরআন নাজিল করেছেন। দুরুদ ও সালাম প্রিয়নবি হজরত মুহাম্মাদের প্রতি, যিনি হিদায়েতের আলোকবর্তিকা উম্মাহর সামনে উপস্থাপন করেছেন।

পৃথিবীর ইতিহাসে সবচেয়ে দীর্ঘতম ও দীর্ঘস্থায়ী শাসনব্যবস্থার নাম খিলাফত। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হিজরতের মাধ্যমে মদিনায় যে ওহিভিত্তিক রাষ্ট্রের গোড়াপত্তন হয়, সেটিই ছিল খিলাফতরাষ্ট্রের সূচনা। তারপর এই রাষ্ট্র দাওয়াত ও জিহাদের মাধ্যমে সম্প্রসারিত হতে থাকে; একে একে এর নেতৃত্ব হাতবদল হয়। খিলাফতে রাশিদার পর সূচিত হয় বংশীয় খিলাফতের ধারা; উমাইয়া খিলাফত, আব্বাসি খিলাফত ও উসমানি খিলাফত এরই ধারাক্রম।

অনেকেই খিলাফতে রাশিদার পরের শাসনকে খিলাফতের শাসন হিসেবে মেনে নিতে অস্বীকার করেন। তারা দাবি করেন, মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর মাধ্যমে খিলাফতি শাসনের ধারা বন্ধ হয়ে যায়। কিন্তু জেনে রাখা উচিত, নবিজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পর থেকে সাড়ে ১৩শ বছর পর্যন্ত খিলাফতের শাসন বহাল ছিল; এই দীর্ঘসময়ে রাষ্ট্রের আইন-কানুন, বিচারব্যবস্থা, অর্থনীতি, পররাষ্ট্রনীতি—এর সবকিছুর ভিত্তি ছিল কুরআন ও সুন্নাহ অর্থাৎ উম্মাহ এই দীর্ঘসময় কুরআন-সুন্নাহ দ্বারা শাসিত বা পরিচালিত হয়েছেন, শাসকগণ উম্মাহকে কুরআন-সুন্নাহ দ্বারা শাসন করবেন মর্মে বাইআত নিয়েছেন, উম্মাহর সংবিধান ছিল কুরআন-সুন্নাহ। তবে এর মধ্যে অনেক শাসক উম্মাহর ওপর জুলুম করেছেন এবং কুরআন-সুন্নাহর পরিপূর্ণ বাস্তবায়নে গাফলতি করেছেন; তবে যেহেতু তাদের সংবিধান ছিল কুরআন-সুন্নাহ, বিচারব্যবস্থা ছিল শরিয়াভিত্তিক এবং তাদের

রাষ্ট্র ইসলামের বিপরীত অন্য কোনো আদর্শ বাস্তবায়ন করেনি এবং নিজেরাও এই রাষ্ট্রকে খিলাফতরাষ্ট্র বলে দাবি করতেন, তাই এই রাষ্ট্রব্যবস্থাকে খিলাফত-রাষ্ট্র ব্যতীত অন্য কোনো নামে অবহিত করা যায় না।

খিলাফতের দীর্ঘ ইতিহাসে খুবই আলোচিত-সমালোচিত অধ্যায় উমাইয়া খিলাফত। উমাইয়াদের ব্যাপারে শিয়ারা অত্যন্ত জঘন্য মিথ্যাচার করে থাকেন। উমাইয়াগণ ইসলামের জন্য নিবেদিত হয়ে যতসব অনবদ্য কাজ সম্পন্ন করেছেন, সবকিছুই শিয়া ইতিহাসবিদদের মিথ্যাচারে ঢেকে গেছে। বর্তমান বিশ্বের প্রখ্যাত ইতিহাসবিদ, ফকিহ ও রাজনীতি-বিশ্লেষক ড. আলি মুহাম্মদ সাল্লাবি উম্মাহর সামনে সত্য ইতিহাস উপস্থাপনায় সাহসিকতার সঙ্গে কলম ধরেছেন।

উমাইয়া খিলাফতের ইতিহাস গ্রন্থে উঠে এসেছে ইসলামের জন্য উমাইয়াদের অবদান, ইসলামি ইতিহাসের সবচেয়ে আলোচিত অধ্যায় ইয়াজিদের হাতে খিলাফতের নেতৃত্ব; সাহাবিগণের ভূমিকা, মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু ও ইয়াজিদ-কেন্দ্রিক নানা বিতর্ক ও অভিযোগের বিশদ বিশ্লেষণ; ইনসাফের দৃষ্টিতে তুলে ধরা হয়েছে জামালযুদ্ধ ও সিফফিন যুদ্ধের বাস্তবতা, আহলুস সুন্নাত ওয়াল জামাআতের দৃষ্টিভঙ্গি; কারবালার হৃদয়বিদারক ঘটনা, উমাইয়া-শাসনব্যবস্থার কাঠামো; শরিয়া বাস্তবায়ন ও খিলাফতের ধারা রক্ষায় তাদের অবস্থানসহ পুরো উমাইয়া খিলাফতের আদ্যোপান্ত।

উমাইয়াদের সময়টি ছিল রাসুলের ভাষায়-খাইরুল কুরুন-সোনালি যুগ। সাল্লাবি পুরো সময়টি বিশ্লেষণ করেছেন রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদিস, সাহাবি ও তাবিয়িগণের অবস্থান, মন্তব্য ও সত্য ইতিহাসের তিক্ত উপস্থাপনার মাধ্যমে। তিনি শিয়াদের মিথ্যাচারের জবাব দিয়েছেন, বাতিনি-রাফিজিদের ষড়যন্ত্রের জাল উন্মোচন করেছেন; আহলুস সুন্নাত ওয়াল জামাআতের আকিদা ও অবস্থান সহজ ভাষায় উপস্থাপন করেছেন। ইতিহাসের জটিল বিষয়কে সত্য-সুন্দরের দোলায় মুগ্ধকর বিশ্লেষণে তুলে ধরার মতো দক্ষতা সাল্লাবির মতো আরেকজন বর্তমান পৃথিবীতে নেই। তাই ইসলামের ইতিহাস রচনায় তিনি অনন্য উচ্চতায় বিশ্বব্যাপী খ্যাতি অর্জন করেছেন।

এই গ্রন্থটি ড. সাল্লাবি রচিত *আদ-দাওলাতুল উমাবিয়্যা : আওয়ামিলু ইজদিহার ওয়া তাদাইয়াতুল ইনাইয়ার* গ্রন্থের অনুবাদ; বাংলায় আমরা এর

নামকরণ করেছি *উমাইয়া খিলাফতের ইতিহাস* নামে। গ্রন্থটি ছয় খণ্ডে পরিবেশন করা হয়েছে। বৃহৎ কলবরের গ্রন্থটি অনুবাদের সুবিধার্থে ১০ জন দক্ষ অনুবাদক অনুবাদ করেছেন। তারপর মাহদি হাসান সকলের অনুবাদ আদ্যোপান্ত আরবির সঙ্গে মিলিয়ে নিরীক্ষণ করেছেন এবং প্রয়োজনীয় টীকা সংযোজন করেছেন।

সম্পাদনার দুই তৃতীয়াংশ কাজ করেছেন লেখক, কবি ও সম্পাদক শ্রদ্ধেয় কুতুব হিলালী; বাকি কাজটুকু করেছি আমি এবং যায়েদ মুহাম্মদ। আমরা চেষ্টা করেছি অনুবাদ সাবলীল ভাষায় উপস্থাপন করতে; বানানরীতি সকল খণ্ডে একই রকম রাখতে; বিশুদ্ধভাবে ব্যক্তি, স্থান ও স্থাপনার নাম উল্লেখ করতে; যেহেতু গ্রন্থটির কলেবর অনেক বড়, ফলে বিদেশি অনেক শব্দের বানানে ভিন্নতা থেকে যাওয়া স্বাভাবিক। প্রুফকাজে আন্তরিকতার সঙ্গে সময় দিয়েছেন মুহাম্মদ পাবলিকেশন প্রুফরিডার টিম; তারপর পুরো গ্রন্থের বানান সমন্বয় করেছেন মেধাবী তরুণ মাকামে মাহমুদ। প্রকাশক মুহাম্মদ আবদুল্লাহ খান সকলের কাজ তত্ত্বাবধান করেছেন। যথাসময়ে সবার কাছ থেকে কাজ আদায় করে নিয়েছেন।

সম্মানিত পাঠক, আমরা নিরলস চেষ্টা করেছি—একটি নির্ভরযোগ্য বিশুদ্ধ ইতিহাসগ্রন্থ আপনাদের হাতে তুলে দিতে; যাতে এর দ্বারা আপনারা উপকৃত হতে পারেন। আর আমরা আমাদের কাজের মাধ্যমে দাবি করছি না যে, আমাদের কাজ নির্ভুল ও খুঁতহীন। পবিত্র কুরআনে তো বলা হয়েছে—

> জ্ঞানের অতি সামান্যই তোমাদের দান করা হয়েছে। [সুরা বনি ইসরাইল : ৮৫]

প্রিয় পাঠক, আপনাদের নিকট দুআর আবেদন, এই গ্রন্থের সঙ্গে সংশ্লিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্টা আল্লাহ যেন কবুল করেন। আমাদের সবাইকে আল্লাহ ক্ষমা করুন; গোনাহের কারণে লাঞ্ছিত না করুন। সকল প্রশংসা আল্লাহর। ওয়া সাল্লাল্লাহু তাআলা আলা মুহাম্মাদ ওয়া আসহাবিহি আজমায়িন। আমিন।

সম্পাদনা পরিষদের পক্ষে

আবু আলি মোহাম্মদ

২১ মুহাররম ১৪৪৩, ২৯ আগস্ট ২০২১

অনুবাদকের কথা

মহান সাহাবি মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর ক্ষমতাগ্রহণের মধ্য দিয়ে সূচনা হয় বনু উমাইয়ার খিলাফতের শাসন। উমাইয়াদের শাসিত খিলাফতব্যবস্থা বেশ কিছু কারণে বিদ্বেষীদের মিথ্যাচারের শিকার হয়। অন্যায় পক্ষপাতকারী শিয়াগোষ্ঠী এই সাম্রাজ্য নিয়ে প্রথমে মিথ্যাচার শুরু করে এবং নানাভাবে এর শাসকদের ইতিহাসকে কলুষিত করার চেষ্টা করে।

বস্তুত উমাইয়া খিলাফতের ব্যাপ্তিকাল অল্প হলেও ইসলামকে পৃথিবীময় ছড়িয়ে দিতে উমাইয়াগণের অবদান অনস্বীকার্য। উমাইয়াদের শাসনামলে ইসলামের বিস্তৃতি ঘটে যেকোনো সময়ের তুলনায় অধিক। মুসলিম ইতিহাসের অন্যতম প্রবাদতুল্য ব্যক্তি উমর ইবনু আবদুল আজিজ রাহিমাহুল্লাহ ছিলেন উমাইয়া খিলাফতেরই উপহার; কিন্তু পক্ষপাতদুষ্ট ইতিহাসের ফাঁদে পড়ে তাদের অনেক অবদানই রয়ে গেছে ইতিহাসের আড়ালে।

খিলাফতে রাশিদার পরবর্তী সময়ের গুরুত্ব অনুধাবন করে ইতিহাসের প্রকৃত সত্য তুলে ধরতে কলম ধরেছেন বিশ্বখ্যাত ইতিহাসগবেষক ড. আলি মুহাম্মদ সাল্লাবি। ইসলামের প্রাথমিক যুগ থেকে শুরু করে উসমানি খিলাফত পর্যন্ত সাড়ে ১৩শ বছরের ইতিহাস তিনি লিপিবদ্ধ করেছেন। তার রচিত গ্রন্থাবলি আরবের সীমা ছাড়িয়ে অনারব নানান দেশেও বরিত হয়েছে। অনূদিত হয়ে পৌঁছে গেছে পাঠকের হাতে হাতে। আমাদের দেশেও সাল্লাবি পরিচিত হয়ে উঠেছেন বিগত কয়েক বছরে। তিনি ও তার বইপত্র এখন আর কারও কাছে অপরিচিত কিছু নয়। বিশেষত ইসলামি প্রকাশনা ও বইপুস্তকের সঙ্গে যাদের সংযোগ রয়েছে, তারা এর বাস্তবতা সম্পর্কে অবহিত।

উমাইয়া খিলাফত নিয়ে রচিত এই গ্রন্থটির রচনা তিনি সমাপ্ত করেন ২০০৫ সালে। বিদ্বেষীদের মিথ্যাচারের আঘাতে জর্জরিত উমাইয়া খিলাফতকে নিয়ে এমন একটি নির্ভরযোগ্য এবং গবেষণাসমৃদ্ধ রচনার খুবই প্রয়োজন ছিল। ড. সাল্লাবি ইতিহাসের আকরগ্রন্থগুলো থেকে তুলে এনেছেন উমাইয়া খিলাফতের প্রকৃত ইতিহাস। তুলে ধরেছেন ৪১ হিজরি থেকে ১৩২ হিজরি পর্যন্ত ৯২ বছরের আদ্যোপান্ত; যার সূচনা হয়েছিল ৪১ হিজরিতে হাসান রাদিয়াল্লাহু আনহু কর্তৃক মুআবিয়া রাদিয়াল্লাহুর আনহুর হাতে খিলাফতের দায়িত্ব অর্পণের মধ্য দিয়ে এবং সমাপ্তি ঘটে চতুর্দশ খলিফা মারওয়ান ইবনু মুহাম্মদের পতনের মাধ্যমে। দীর্ঘ এই ইতিহাসের অনেক অধ্যায়ই পাঠকের অজানা।

এই বইটি অনেক শ্রম-সাধনা এবং গবেষণার ফসল। বইয়ের শেষে সংযুক্ত তথ্যপঞ্জিতে ৭৫৩টি বইয়ের তালিকা দেখে সেই কষ্ট, শ্রম এবং সাধনার কিছুটা হলেও পাঠক উপলব্ধি করবেন। উপলব্ধি করবেন কেন ড. সাল্লাবি অধুনাকালে এতটা জনপ্রিয়তা লাভ করেছেন। কারও কাজে যদি নিষ্ঠা এবং ইখলাস থাকে, তবে সেই কাজ আল্লাহ তাআলা নিশ্চয়ই সমাদৃত করবেন। লেখককে আল্লাহ তাআলা দীর্ঘ হায়াতে তাইয়েবা দান করুন এবং উম্মাহর জন্য কল্যাণকর আরও অনেক কাজ করার তাওফিক দান করুন।

মুহাম্মদ পাবলিকেশন। বয়সে নবীন এই প্রকাশনীর কাজের সংখ্যা দেখলে আপনি নিশ্চয় অবাক হবেন। প্রকাশনা জগতে তাদের সূচনা হয়েছে ইতিহাসকেন্দ্রিক বই প্রকাশের মাধ্যমে। ইতিমধ্যে মুহাম্মদ পাবলিকেশন পাঠকের নিকট আস্থার ঠিকানায় জনপ্রিয় হয়ে উঠেছে। ড. আলি সাল্লাবি রচিত দীর্ঘ কলেবরের গ্রন্থ *আদ-দাওলাতুল উমাবিয়্যা : আওয়ামিলু ইজদিহার ওয়া তাদাইয়াতুল ইনহিয়ার* গ্রন্থের বাংলা অনুবাদ *উমাইয়া খিলাফতের ইতিহাস।* মহান আল্লাহর অনুগ্রহে বাংলাদেশে এই প্রথম উমাইয়া খিলাফতকে নিয়ে এমন নির্ভরযোগ্য ও গবেষণালব্ধ দীর্ঘ কলেবরের বই প্রকাশ পেতে যাচ্ছে। প্রকাশনীর এমন মহতি উদ্যোগ আল্লাহ তাআলা কবুল করুন এবং পাঠকের নিকট গ্রহণযোগ্য করুন।

বইটির অনুবাদে ছিলাম—মাহদি হাসান, শাহ মুহাম্মদ খালিদ, মাহমুদ আহমাদ, শাহরিয়ার হাসান, মুজাহিদুল ইসলাম মাইমুন, ইলিয়াস আশরাফ, আবদুন নুর সিরাজি, যায়েদ মুহাম্মদ, আহনাফ তাহমিদ এবং হামেদ বিন ফরিদ। সবার আন্তরিক প্রচেষ্টায় ছয় খণ্ডের সুদীর্ঘ এই কাজটি সমাপ্ত হয়েছে আলহামদুলিল্লাহ।

ভাষাসম্পাদনায় শ্রম দিয়েছেন শ্রদ্ধেয় আবু আলি মোহাম্মদ, কুতুব হিলালী, এবং যায়েদ মুহাম্মদ। তাদের সুচারু সম্পাদনায় বইটির ভাষাগত জটিলতা দূর হয়েছে এবং পাঠকের কাছে তা সুখপাঠ্য হবে বলেই আশা রাখি। এছাড়া বইটিকে নির্ভুল বানানে পাঠকের কাছে উপস্থাপনের জন্য শ্রম দিয়েছেন মাকামে মাহমুদ এবং মুহাম্মদ পাবলিকেশন প্রুফরিডিং টিম।

সবশেষে বইটির পেছনে অগ্রগণ্য অবদান যার, তিনি হলেন মুহাম্মদ পাবলিকেশনের কর্ণধার শ্রদ্ধেয় মুহাম্মদ আবদুল্লাহ খান ভাই। বইটির পেছনে তার পরিশ্রম, দৌড়ঝাঁপ এবং নিষ্ঠা আমি খুব কাছ থেকে দেখেছি। দেখেছি তিনি প্রকাশনীর জন্য কতটা নিবেদিত। আল্লাহ তার এই শ্রম ও নিষ্ঠার উত্তম বদলা দান করুন এবং মুহাম্মদ পাবলিকেশনকে নিয়ে তার স্বপ্ন বাস্তবায়ন করুন।

পরিশেষে পাঠকের নিকট দুআর আবেদন, আল্লাহ তাআলা এই বই কবুলিয়াতের চাদরে মুড়িয়ে দিন, এর সঙ্গে সংশ্লিষ্ট সকলের শ্রম ও প্রচেষ্টা আখিরাতের সঞ্চয় হিসেবে কবুল করুন, তাদের উত্তম বদলা দান করুন এবং সকল ভুলত্রুটি ক্ষমা করুন। বান্দা পারে চেষ্টা করতে কিন্তু পূর্ণতা দেওয়ার ক্ষমতা তো কেবল আল্লাহর।

অনুবাদকদের পক্ষে

—মাহদি হাসান

ড. আলি মুহাম্মদ সাল্লাবি

অনন্য ইতিহাসবিদ

ড. আলি মুহাম্মদ সাল্লাবি একজন প্রথিতযশা ইসলামি ফকিহ, লেখক, ইতিহাসগবেষক এবং রাজনৈতিক ব্যক্তিত্ব। ১৯৬৩ সালে লিবিয়ার রাজধানী বেনগাজিতে তার জন্ম। গাদ্দাফির ক্ষমতাকালে তাকে গ্রেফতার করা হয়। পরবর্তী সময়ে তিনি লিবিয়া ত্যাগ করেন। ৯০ দশকে সৌদি আরব এবং সুদানে উচ্চশিক্ষা লাভ করেন। এরপর তিনি ইখওয়ানুল মুসলিমিনের আধ্যাত্মিক নেতা ইউসুফ আল কারজাবির তত্ত্বাবধানে কাতারে অধ্যয়ন করেন। ১৪১৩-১৪ হিজরি—১৯৯২-৯৩ খ্রিষ্টাব্দে তিনি মদিনা বিশ্ববিদ্যালয়ের দাওয়াহ এবং উসুলুদ্দিন বিভাগ থেকে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়ে লিসান্স ডিগ্রি লাভ করেন।

১৪১৭ হিজরি—১৯৯৬ খ্রিষ্টাব্দে সুদানের উম্মু দুরমান বিশ্ববিদ্যালয়ের তাফসির এবং উলুমুল কুরআন বিভাগ থেকে মাস্টার্স ডিগ্রি লাভ করেন। এরপর তার গ্রন্থ 'ফিকহুত তামকিনি ফিল কুরআনিল কারিম'-এর মাধ্যমে তিনি ১৯৯৯ খ্রিষ্টাব্দে উম্মু দুরমান বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট ডিগ্রি লাভ করেন। চার খলিফায়ে রাশিদার জীবনী, উমাইয়া খিলাফতের ইতিহাস, আব্বাসি খিলাফতের ইতিহাস এবং উসমানি খিলাফতের ইতিহাসের মতো উল্লেখযোগ্য গ্রন্থের পাশাপাশি তার রচিত গ্রন্থের সংখ্যা ত্রিশেরও অধিক এবং সবকটি গ্রন্থই ইসলামি বিশ্বে আলোড়ন সৃষ্টি করতে সক্ষম হয়েছে। তার রচিত গ্রন্থগুলো পৃথিবীর বিভিন্ন ভাষায় অনূদিত হচ্ছে। তার রচনার বিষয়বস্তু এবং বর্ণনাধারা সম্বন্ধে নিম্নে সংক্ষিপ্ত আলোচনা করা হলো :

ড. আলি মুহাম্মদ সাল্লাবি আরবের খ্যাতিমান একজন ইতিহাস লেখক। ইসলামি দুনিয়ার ইতিহাসকে কলমের আঁচড়ে তিনি ফুটিয়ে তুলেছেন। ইসলামের প্রাথমিক যুগ থেকে শুরু করে উসমানি খিলাফত পর্যন্ত

সময়কালের বিভিন্ন ব্যক্তি, সাম্রাজ্য ও খিলাফতকে নিয়ে গ্রন্থ রচনা করেছেন। তার রচিত গ্রন্থাবলি আরবের সীমা ছাড়িয়ে অনারব নানান দেশে বরিত হয়েছে। অনূদিত হয়ে পৌঁছে গেছে পাঠকের হাতে হাতে। আমাদের দেশেও সাল্লাবি পরিচিত হয়ে উঠেছেন বিগত কবছরে। তিনি ও তার বইপত্র এখন আর অপরিচিত কোনো বিষয় নয়। বিশেষত ইসলামি প্রকাশনা ও বইপুস্তকের সাথে যাদের নিবিড় সংযোগ রয়েছে, তারা এর বাস্তবতা অনুধাবন করতে পারবেন।

ইতিহাস নিয়ে অনেক আরব আলিমই লেখালেখি করছেন। বইপত্র রচনা করছেন। তাদের সবাই কিন্তু সাল্লাবির মতো বৈশ্বিকভাবে গুরুত্ব পাননি। ব্যতিক্রম দু-একজনের কথা বাদ দিলে আরবের সীমানা পেরিয়ে অনারব ভূমিতেও তাদের রচনাকে বরণ করে নেওয়ার মতো অবস্থা তৈরি হয়নি। এর দ্বারা বোঝা যায়, নিশ্চয়ই সাল্লাবির রচনায় এমন কোনো বিশেষত্ব রয়েছে, যা তাকে অন্যদের থেকে সহজেই আলাদা করেছে। ১০ জনের ভিড়ে তাকে পৃথকভাবে চিহ্নিত করেছে। সেই বিশেষত্বগুলোই আমরা খুঁজে দেখার চেষ্টা করব :

ক. তিনি অন্যান্য ইতিহাস-লেখকের মতো ঘটনার পর ঘটনাকে সাজিয়েই ক্ষান্ত হন না; বরং ঘটনা বলার ভেতর দিয়ে ঘটনার পেছনের অনুঘটককেও তিনি উদ্ঘাটন করার চেষ্টা করেন। ফলে প্রতিক্রিয়াকে তার মূলক্রিয়া সমেত জানাটা পাঠকের জন্য সহজ হয়ে যায়। এতে বাহ্যিক ঘটনাবলি জানার সাথে সাথে উহ্য থাকা রহস্যও উন্মোচিত হয় পাঠকের সামনে, যা পাঠককে বিষয়ের গভীরে গিয়ে পুরো ব্যাপারটি বুঝতে সহায়তা করে।

খ. ইতিহাসের প্রতিটি চরিত্রকে তিনি গভীর থেকে বিশ্লেষণ করেন। কুরআন-হাদিসের দর্পণে ফেলে খুঁটে খুঁটে তাকে যাচাই করেন। কোন গুণগুলো তাকে ইতিহাসে মহিমান্বিত করল সেটি তুলে আনার চেষ্টা করেন। এটি কেমন যেন সাগর সেঁচে মুক্তো আহরণ করার মতোই শ্রমসাধ্য ও তীক্ষ্ণমেধার কাজ। কারণ, এসব গুণাবলি খুঁজে খুঁজে বের করার পর সেগুলোর মধ্য থেকে উত্তম গুণটি আবার তিনি কুরআন-হাদিসের আলোকে প্রমাণ করেন। আর এই কাজের জন্য নুসুসের বিস্তৃত জ্ঞান থাকা অপরিহার্য।

গ. সাল্লাবি মূলত ইসলাম ও মুসলিম দুনিয়ার ইতিহাস নিয়ে কাজ করেন। আর এটি তো সর্বজনবিদিত, মুসলিম দুনিয়ার ইতিহাস বিভিন্ন অমুসলিম ও তাদের চিন্তাধারাপুষ্ট কিছু নামধারী মুসলিমের হাতে কখনো কখনো কলুষিত

হয়েছে। তারা ইতিহাস বিকৃত করার চেষ্টা করেছে। সত্যকে মিথ্যা আর মিথ্যাকে সত্যের চাদরে ঢাকার চেষ্টা করেছে। সেসব মিথ্যা আবার একজন থেকে অন্যজন হয়ে ছড়িয়ে পড়েছে আরও বহু জায়গায়। তো সাল্লাবি এ সকল ক্ষেত্রে শুধু সঠিক ও সত্যটি তুলে ধরেই ক্ষান্ত হন না; বরং ভুল, মিথ্যা আর বিকৃতিগুলো চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেন। এই কাজ করতে গিয়ে প্রয়োজনবোধে মিথ্যাচারী ও বিকৃতিকারীদের নামধাম ও বইপুস্তকের হদিস দিতেও তিনি দ্বিধা করেন না। নিঃসন্দেহে এটি তার সৎসাহস ও সত্যের প্রতি ভালোবাসার প্রকৃষ্ট উদাহরণ।

ঘ. সাল্লাবি ইতিহাসে ঘটে যাওয়া প্রতিটি ঘটনার সফলতা ও ব্যর্থতার পেছনের কারণ অনুসন্ধান করেন। এর জন্য তিনি সহায়তা নেন ইলমে ওহির। কুরআন-হাদিসের নির্দেশনাকে মাপকাঠি বানিয়ে তিনি ইতিহাসের সেসব উপাখ্যানকে বিচার করেন। কোনো বিষয়ের অভাব বা পরিপূর্ণতা ইতিহাসের কোন অংশের ব্যর্থতা বা সফলতার নিয়ামক হিসেবে কাজ করেছে, তা তিনি পাঠকের সামনে হাজির করার চেষ্টা করেন। ফলে তার বইগুলো আর প্রচলিত ধারার ইতিহাসগ্রন্থের মতো থাকে না; বরং তা সাধারণ ইতিহাসের ধারাবর্ণনাকে ছাপিয়ে হয়ে ওঠে এরচেয়ে বেশি কিছু। কখনো দেখা যায় ইতিহাসের চিত্রপরম্পরাকে নকশায়িত করার তুলনায় তার এমন ধরনের নিরীক্ষণের পরিমাণই বেশি হয়ে যায়। এর বেশ ভালো কিছু দিক থাকলেও যেসব পাঠক এমন ধারার সাথে পূর্বপরিচিত নন, কখনো কখনো এটি তাদের বিরক্তিরও কারণ হয়ে ওঠে।

এসব বিষয়কে সামনে রাখলে পরিস্ফুট হয়, সাল্লাবি প্রচলিত ধারার ইতিহাস-লেখক নন। তার বইগুলোও প্রচলিত ধারার ইতিহাসগ্রন্থ নয়। বরং নানান দিক বিবেচনায় সাল্লাবির ইতিহাসের বইতে প্রচলিত ধারার বিপরীত আমরা কিছু অনন্যতা ও ব্যতিক্রমরূপের দেখা পাই, যা তাকে ইতিমধ্যে ভিন্ন উচ্চতায় পৌঁছে দিয়েছে।

রচনা-পদ্ধতির এই ব্যতিক্রমী রূপের কারণে সাল্লাবিকে অনেক সময় অন্য লেখকদের সমালোচনার পাত্রও হতে হয়েছে। তারা আপত্তির তির ছুড়েছেন এই বলে যে, ইতিহাসে ধর্মবিশ্বাসের অনুপ্রবেশের কী প্রয়োজন? ইতিহাসের সাথে নেতৃবৃন্দের গুণাবলির কী সম্পর্ক? শরিয়া প্রতিষ্ঠা হলো কি না এর সঙ্গে ইতিহাসের সম্পৃক্ততা কী?

এমন প্রশ্নে সাল্লাবি ভড়কে যাননি। তিনি আত্মবিশ্বাস নিয়েই এসব প্রশ্নের উত্তর প্রদান করেছেন। তিনি বলেছেন, ইসলামি ইতিহাস এবং তার

ঘটনাপ্রবাহ সম্পর্কে লেখালেখির নীতিমালা মৌলিকভাবে ইসলামি ভাবনার ওপর নির্ভরশীল। ইসলামি আকিদা এবং তার চাহিদাসমূহই হবে তার নীতিমালা প্রণয়নের, ঘটনাপ্রবাহের ব্যাখ্যা করার এবং তার ওপরে যেকোনো সিদ্ধান্ত দেওয়ার মূলস্তম্ভ।

সাল্লাবি বলেন, ইসলামি ইতিহাস লিপিবদ্ধকারী এবং ব্যাখ্যাকারীদের জন্য আবশ্যক কিছু শর্ত হচ্ছে, শরয়ি উৎসসমূহের সাহায্য নেওয়া, ইসলামি আকিদা উপলব্ধি করা এবং তা আঁকড়ে ধরা; সেইসাথে যারা তা আঁকড়ে ধরে তাদের ওপর প্রভাবিত আদর্শ লালন করা। যখন এর কোনো একটিতে বিচ্যুতি ঘটবে, তখন তার গবেষণা হবে অসম্পূর্ণ, কৃত্রিম এবং গবেষকের সাথে সম্পৃক্ত সামাজিক এবং চিন্তাধারাগত অবস্থার দ্বারা প্রভাবিত। এজন্যই সমসাময়িক অনেকের গ্রন্থের মধ্যে অনেক প্রমাদ হয়েছে। কিছু বিচ্যুতির জন্য দায়ী হলো শরয়ি উৎসের দিকে তাদের প্রত্যাবর্তনের সীমাবদ্ধতা। আর কিছু ভুলের জন্য দায়ী হচ্ছে তাদের চিন্তাচেতনার অস্পষ্টতা এবং ইউরোপের বুদ্ধিবৃত্তিক ক্রুসেড সম্পর্কে তাদের স্পষ্ট ধারণা না থাকা।

ইতিহাস বর্ণনা করতে গিয়ে তিনি কুরআনি-পদ্ধতি অনুসরণের চেষ্টা করে থাকেন। এই বিষয়ে তার ভাষ্য হচ্ছে, ইতিহাস বর্ণনার ক্ষেত্রে আমি সেই নীতিই অবলম্বন করেছি, যেভাবে কুরআনে ঘটনাসমূহের বর্ণনা দেওয়া হয়েছে। এজন্যই আমি নেতা এবং শীর্ষস্থানীয়দের গুণ বর্ণনা, আকিদাগত মাসআলা বিশ্লেষণ এবং যে সমস্ত মূলনীতির ওপর ভিত্তি করে সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়েছে এবং জাতি উজ্জীবিত হয়েছে, সেগুলো স্পষ্ট করার প্রতি গুরুত্ব প্রদান করেছি। উদাহরণসহ এই বিষয়ে আরও বিস্তারিত বিবরণ পাঠক বক্ষ্যমাণ গ্রন্থে প্রদত্ত লেখকের ভূমিকাটি পড়ে জানতে পারবেন ইনশাআল্লাহ।

আবদুল্লাহ আল-মাসউদ
লেখক, অনুবাদক ও সম্পাদক

উমাইয়া পরিবারের ঐতিহাসিক শিকড়

প্রথম অধ্যায়

মুআবিয়া ইবনু আবু সুফিয়ান রাদি.-এর
জন্ম থেকে খিলাফতে রাশিদার সমাপ্তি

প্রথম পরিচ্ছেদ : নাম, বংশ, উপনাম এবং পরিবার
দ্বিতীয় পরিচ্ছেদ : আবু বকর, উমর এবং উসমান রাদিয়াল্লাহু আনহুমের খিলাফতকালে বনু উমাইয়া এবং মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু
তৃতীয় পরিচ্ছেদ : আমিরুল মুমিনিন আলি রাদি.-এর শাসনামলে মুআবিয়া রাদি.-এর ভূমিকা
চতুর্থ পরিচ্ছেদ : হাসান রাদিয়াল্লাহু আনহুর খিলাফতকালে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু

দ্বিতীয় অধ্যায়

মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর হাতে বাইআত গ্রহণ,
তার উল্লেখযোগ্য গুণাবলি এবং তার প্রশংসায় আলিমদের উক্তি

প্রথম পরিচ্ছেদ : মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর হাতে বাইআত গ্রহণ, তার উল্লেখযোগ্য গুণাবলি এবং তার প্রশংসায় আলিমদের উক্তি
দ্বিতীয় পরিচ্ছেদ : মুসলিম রাষ্ট্রপ্রধান হিসেবে উম্মাহর সঙ্গে মুআবিয়ার সম্পর্ক

তৃতীয় অধ্যায়

মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে অভ্যন্তরীণ রাজনীতি

প্রথম পরিচ্ছেদ : বয়োজ্যেষ্ঠ সাহাবি, তাদের সন্তান এবং বনু হাশিমের সদস্যদের সাথে সদাচারণ

দ্বিতীয় খণ্ড

দ্বিতীয় পরিচ্ছেদ : রাষ্ট্রীয় কার্যক্রমে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর সরাসরি তত্ত্বাবধান এবং শাসিত অঞ্চলে নিরাপত্তা প্রতিষ্ঠার চেষ্টা
তৃতীয় পরিচ্ছেদ : মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু সামাজিক জীবন ও ইলমের ময়দানে তার অবদান
চর্তুথ পরিচ্ছেদ : মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে খারিজি সম্প্রদায়
পঞ্চম পরিচ্ছেদ : মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে অর্থব্যবস্থা
ষষ্ঠ পরিচ্ছেদ : মুআবিয়া ও উমাইয়া যুগের বিচারব্যবস্থা
সপ্তম পরিচ্ছেদ : মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর শাসনামলের পুলিশ বিভাগ
অষ্টম পরিচ্ছেদ : মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর শাসনামলের প্রশাসক এবং প্রশাসনিক ব্যবস্থাপনা

চতুর্থ অধ্যায়

মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর
শাসনামলের বিজয়াভিযান

প্রথম পরিচ্ছেদ : বাইজেন্টাইন সাম্রাজ্যের বিরুদ্ধে জিহাদ
দ্বিতীয় পরিচ্ছেদ : মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে উত্তর আফ্রিকার বিজয়সমূহ
তৃতীয় পরিচ্ছেদ : উমাইয়া সাম্রাজ্যের পূর্বাঞ্চলে বিজয়াভিযানসমূহ
চতুর্থ পরিচ্ছেদ : মুআবিয়ার বিজয়সমূহে গুরুত্বপূর্ণ শিক্ষা, নিদর্শন ও অর্জনসমূহ
পঞ্চম পরিচ্ছেদ : স্থলাভিষিক্ত নিয়োগ এবং মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর মৃত্যু

তৃতীয় খণ্ড

পঞ্চম অধ্যায়

ইয়াজিদ ইবনু মুআবিয়ার সময়কাল

প্রথম পরিচ্ছেদ : নাম, উপনাম, বংশ, জীবনযাপন ও খিলাফতগ্রহণ
দ্বিতীয় পরিচ্ছেদ : হুসাইন ইবনু আলি রাদিয়াল্লাহু আনহুর কুফা গমন
তৃতীয় পরিচ্ছেদ : তাৎপর্যপূর্ণ কিছু শিক্ষা
চতুর্থ পরিচ্ছেদ : হাররার যুদ্ধ (৬৩ হিজরি)
পঞ্চম পরিচ্ছেদ : ইয়াজিদের শাসনামলে আবদুল্লাহ ইবনু জুবাইর রাদিয়াল্লাহু আনহুর আন্দোলন
ষষ্ঠ পরিচ্ছেদ : ইয়াজিদের মৃত্যু এবং তার পুত্র মুআবিয়া ইবনু ইয়াজিদের খিলাফত

ষষ্ঠ অধ্যায়

আমিরুল মুমিনিন
আবদুল্লাহ ইবনু জুবাইরের শাসনকাল

প্রথম পরিচ্ছেদ : নাম, উপনাম, বংশ, বেড়ে ওঠা এবং বাইআত
দ্বিতীয় পরিচ্ছেদ : মারওয়ান ইবনুল হাকামের বিদ্রোহ
তৃতীয় পরিচ্ছেদ : আবদুল মালিক এবং ইবনু জুবাইর পরস্পর দ্বন্দ্ব-সংঘাত
চতুর্থ পরিচ্ছেদ : আবদুল্লাহ ইবনু জুবাইর রাদি.-এর যুগের পরিসমাপ্তি

সপ্তম অধ্যায়

আমিরুল মুমিনিন
আবদুল মালিক ইবনু মারওয়ানের শাসনামল

প্রথম পরিচ্ছেদ : খারিজি বিদ্রোহ দমন
দ্বিতীয় পরিচ্ছেদ : আবদুর রহমান ইবনুল আশআসের বিদ্রোহ
তৃতীয় পরিচ্ছেদ : আবদুল মালিকের সময়ের প্রশাসনিক ব্যবস্থা

চতুর্থ খণ্ড

চতুর্থ পরিচ্ছেদ : আবদুল মালিকের অর্থনৈতিক ব্যবস্থাপনা
পঞ্চম পরিচ্ছেদ : বিচারব্যবস্থা ও পুলিশ বিভাগ
ষষ্ঠ পরিচ্ছেদ : আবদুল মালিকের শাসনামলে আলিম এবং কবিগণ

অষ্টম অধ্যায়

খলিফা আবদুল মালিক, ওয়ালিদ এবং সুলাইমানের
খিলাফতকালের অব্যাহত বিজয়ধারা

প্রথম পরিচ্ছেদ : রোম সাম্রাজ্যের শহরগুলো বিজয়
দ্বিতীয় পরিচ্ছেদ : উত্তর আফ্রিকা এবং স্পেনের বিজয়ধারা
তৃতীয় পরিচ্ছেদ : প্রাচ্যের বিজয়ধারা
চতুর্থ পরিচ্ছেদ : খলিফা আবদুল মালিক, ওয়ালিদ ও সুলাইমানের খিলাফতকালের বিজয়ধারা গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য কিছু শিক্ষণীয় বিষয়
পঞ্চম পরিচ্ছেদ : পরবর্তী খলিফা নিয়োগ, সন্তানদের প্রতি আবদুল মালিকের অসিয়ত, তার মৃত্যু এবং সাইদ ইবনুল মুসাইয়িবের অবস্থান
ষষ্ঠ পরিচ্ছেদ : ওয়ালিদ ইবনু আবদুল মালিকের খিলাফত (৮৬-৯৬ হিজরি)
সপ্তম পরিচ্ছেদ : সুলাইমান ইবনু আবদুল মালিকের খিলাফত (৯৬-৯৯ হিজরি)

নবম অধ্যায়

আমিরুল মুমিনিন উমর ইবনু
আবদুল আজিজের শাসনকাল

প্রথম পরিচ্ছেদ : জন্ম ও খিলাফত
দ্বিতীয় পরিচ্ছেদ : উমর ইবনু আবদুল আজিজের গুণাবলি এবং সংস্কার কর্ম
তৃতীয় পরিচ্ছেদ : আহলুস সুন্নাহ ওয়াল জামাআতের আকিদার প্রতি উমর ইবনু আবদুল আজিজের গুরুত্ব প্রদান

পঞ্চম খণ্ড

চতুর্থ পরিচ্ছেদ : শিয়া, খারিজি, কাদরিয়্যা, মুরজিয়া ও জাহমিয়্যাদের ব্যাপারে উমরের অবস্থান
পঞ্চম পরিচ্ছেদ : উমর ইবনু আবদুল আজিজের সামাজিক জীবন এবং ইলম ও দাওয়াতের ময়দানে তার অবদান
ষষ্ঠ পরিচ্ছেদ : উমর ইবনু আবদুল আজিজের অর্থনৈতিক সংস্কার
সপ্তম পরিচ্ছেদ : উমর ইবনু আবদুল আজিজের শাসনামলের বিচারব্যবস্থা এবং তার কিছু ফিকহি ইজতিহাদ
অষ্টম পরিচ্ছেদ : উমর ইবনু আবদুল আজিজ রাহিমাহুল্লাহ, তার প্রশাসনিক দক্ষতা, শেষ জীবন ও মৃত্যু

দশম অধ্যায়

আবদুল মালিকের দুই সন্তান

প্রথম পরিচ্ছেদ : ইয়াজিদ ইবনু আবদুল মালিক

দ্বিতীয় পরিচ্ছেদ : হিশাম ইবনু আবদুল মালিক
তৃতীয় পরিচ্ছেদ : হিশামের আমলে প্রশাসনিক ও আর্থিক নীতি
চতুর্থ পরিচ্ছেদ : হিশাম ইবনু আবদুল মালিকের আমলের বিদ্রোহ
পঞ্চম পরিচ্ছেদ : হিশাম ইবনু আবদুল মালিক-এর আমলে বিজয়সমূহ

একাদশতম অধ্যায়

উমাইয়া খিলাফতের পতন

প্রথম পরিচ্ছেদ : খলিফা ওয়ালিদ ইবনু ইয়াজিদ ইবনু আবদুল মালিকের শাসনকাল (দ্বিতীয় ওয়ালিদ)
দ্বিতীয় পরিচ্ছেদ : ইয়াজিদ ইবনু ওয়ালিদ ইবনু আবদুল মালিক
তৃতীয় পরিচ্ছেদ : ইবরাহিম ইবনুল ওয়ালিদ
চতুর্থ পরিচ্ছেদ : মারওয়ান ইবনু মুহাম্মদ : উমাইয়া সাম্রাজ্যের শেষ খলিফা
পঞ্চম পরিচ্ছেদ : আব্বাসি মিশন ও উমাইয়া সাম্রাজ্যের পরিসমাপ্তি
ষষ্ঠ পরিচ্ছেদ : উমাইয়া সাম্রাজ্য পতনের কারণসমূহ

সূ চি প ত্র

উমাইয়া পরিবারের ঐতিহাসিক শিকড় ৫৯
এক. বনু হাশিম এবং বনু উমাইয়ার মধ্যকার সুসম্পর্কের ঐতিহাসিক সাক্ষ্য ৫৯
দুই. ইসলামি দাওয়াতের প্রতি বনু উমাইয়ার অবস্থান ৬৩
তিন. ইসলামি দাওয়াতের শুরুতেই বনু উমাইয়া থেকে যারা ইসলাম গ্রহণ করেছিলেন ৬৬
চার. বনু হাশিম এবং বনু উমাইয়ার মধ্যকার বৈবাহিক সম্পর্ক ৬৭

প্রথম অধ্যায়

মুআবিয়া ইবনু আবু সুফিয়ান রাদি.-এর
জন্ম থেকে খিলাফতে রাশিদার সমাপ্তি-৬৯

প্রথম পরিচ্ছেদ

নাম, বংশ, উপনাম এবং পরিবার ৭১
এক. নাম, বংশ, উপনাম এবং জন্ম ৭১
দুই. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর পিতা আবু সুফিয়ান রাদিয়াল্লাহু আনহুর ইসলামগ্রহণ ৭২
তিন. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর মাতা হিন্দা বিনতে উতবা ইবনু রবিআ ৭৪
চার. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর ভাইবোন ৭৭
১. ইয়াজিদ ইবনু আবু সুফিয়ান ৭৭
এই উপদেশ থেকে প্রাপ্ত কিছু উপকারী শিক্ষা ৭৯
২. উতবা ইবনু আবু সুফিয়ান ৮৪
৩. আমবাসা ইবনু আবু সুফিয়ান ৮৫
৪. উম্মে হাবিবা বিনতে আবু সুফিয়ান ৮৫
৫. উম্মুল হাকাম বিনতে আবু সুফিয়ান ৮৭
৬. আজ্জা বিনতে আবু সুফিয়ান ৮৮

৭. উমাইমা বিনতে আবু সুফিয়ান ৮৮
পাঁচ. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর স্ত্রী এবং সন্তানসন্ততি ৮৯
১. মাইসুন বিনতে বাহদাল আল-কালবি ৮৯
২. ফাখিতাহ্ বিনতে করাজা ৯০
৩. কানুদ বিনতে করাজা ৯০
৪. নায়িলা বিনতে উমারা আল-কালবিয়্যাহ ৯০
ছয়. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর ইসলামগ্রহণ এবং তার মর্যাদা ৯১
১. পবিত্র কুরআনের আলোকে তার মর্যাদা ৯১
২. হাদিসের আলোকে তার মর্যাদা ৯২
সাত. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর হাদিস বর্ণনা ৯৫
আট. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর প্রশংসা এবং নিন্দামূলক বানোয়াট হাদিসসমূহ ১০০
১. প্রশংসামূলক বানোয়াট হাদিসসমূহ ১০০
২. নিন্দামূলক বানোয়াট হাদিসসমূহ ১০২
৩. নবিজির জীবদ্দশায় বনু উমাইয়ার ভূমিকা ১০৩

দ্বিতীয় পরিচ্ছেদ

আবু বকর, উমর এবং উসমান রাদিয়াল্লাহু আনহুমের খিলাফতকালে বনু উমাইয়া এবং মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু ১০৭
এক. আবু বকর রাদিয়াল্লাহু আনহুর খিলাফতকালে ১০৭
দুই. উমর ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহুর খিলাফতকালে ১১৩
১. উদ্ভাসিত হলো যখন মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর ভাগ্যতারকা ১১৩
২. দামেশক, বালবেক এবং বাল্কা অঞ্চলের দায়িত্বগ্রহণ ১১৫
৩. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু কর্তৃক বিশাল সংবর্ধনা এবং উমর রাদিয়াল্লাহু আনহুর অসন্তুষ্টি ১১৭
৪. শাম অঞ্চলে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর প্রচেষ্টা ১২০
তিন. উসমান রাদিয়াল্লাহু আনহুর খিলাফতকালে ১২২
১. হাবিব ইবনু মাসলামা আল-ফিহরির বিজয়াভিযানসমূহ ১২৩
২. উসমান রাদিয়াল্লাহু আনহুর সময়ে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর স্থল অভিযানসমূহ ১২৫
৩. সামুদ্রিক যুদ্ধের জন্য উসমান রাদিয়াল্লাহু আনহুর কাছে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর অনুমতি কামনা ১২৭
৪. সাইপ্রাস অভিযান ১২৮

৫. সাইপ্রাস অধিবাসীদের আত্মসমর্পণ এবং সন্ধি প্রার্থনা ১৩১
৬. শামের ইসলামি নৌবাহিনীর অধিনায়ক আবদুল্লাহ ইবনু কাইস ১৩১
৭. সাইপ্রাস অধিবাসীদের চুক্তিভঙ্গ ১৩৪
৮. অবাধ্য ব্যক্তিরা আল্লাহ তাআলার কাছে অতি তুচ্ছ ১৩৫
৯. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু কর্তৃক উবাদা ইবনু সামিত রাদিয়াল্লাহু আনহুকে সাইপ্রাসের গনিমত বণ্টনের দায়িত্বপ্রদান ১৩৬
১০. আবু জর গিফারি এবং মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর মধ্যকার মতবিরোধের প্রকৃত বয়ান এবং উসমান রাদিয়াল্লাহু আনহুর অবস্থান ১৩৭
১১. উসমান রাদিয়াল্লাহু আনহুর ওপর রাষ্ট্রীয় কোষাগার থেকে আত্মীয়স্বজনকে অর্থ প্রদানের অপবাদ ১৪৩
১২. উসমান রাদিয়াল্লাহু আনহু কি স্বজনপ্রীতি করে তার কোনো আত্মীয়কে দায়িত্ব প্রদান করেছিলেন? ১৪৬
১৩. উসমান রাদিয়াল্লাহু আনহুর হত্যাকাণ্ডের ফিতনার কারণসমূহ ১৫১
১. সম্পদের প্রাচুর্য, সচ্ছলতা এবং সমাজে এর প্রভাব ১৫৩
২. উসমান রাদিয়াল্লাহু আনহুর শাসনামলে সামাজিক পরিবর্তনের ধারা ১৫৫
৩. নতুন প্রজন্মের আবির্ভাব ১৫৬
৪. সমাজের সদস্যদের মিথ্যা গুজব গ্রহণ করার মানসিক প্রস্তুতি ১৫৭
৫. উমর রাদিয়াল্লাহু আনহুর পরপরই উসমান রাদিয়াল্লাহু আনহুর খিলাফত লাভ ১৫৮
৬. বয়োজ্যেষ্ঠ এবং অগ্রগণ্য সাহাবিগণের মদিনা ত্যাগ ১৫৯
৭. জাহিলি গোত্রপ্রীতি ১৬০
৮. প্রাকৃতিক অথবা মানবিক কারণে বিজয়াভিযান স্থগিত হয়ে যাওয়া ১৬১
৯. হালালকে হারাম করার মাধ্যমে পরহেজগারির ভুল দৃষ্টিভঙ্গি সৃষ্টি হওয়া ১৬২
১০. উচ্চাভিলাষী নতুন এক প্রজন্মের আবির্ভাব ১৬২
১১. একদল বিদ্বেষী বিচ্ছিন্নতাবাদী ব্যক্তির উদ্ভব ১৬৩
১২. উসমান রাদিয়াল্লাহু আনহুর বিরুদ্ধে বিদ্রোহ জাগিয়ে তোলার মোক্ষম ষড়যন্ত্র ১৬৪
১৩. লোকদেরকে ক্ষেপিয়ে তুলতে বিভিন্ন পদ্ধতি এবং মাধ্যমের ব্যবহার ১৬৫
১৪. ফিতনাকে সচল করতে আবদুল্লাহ ইবনু সাবার ভূমিকা ১৬৬
ফিতনার সময় মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর অবস্থান ১৭০
প্রথম বৈঠক ১৭১
দ্বিতীয় বৈঠক ১৭৫
উসমান রাদিয়াল্লাহু আনহুর হত্যাকাণ্ড এবং সাহাবা কিরামের অবস্থান ১৮৭

তৃতীয় পরিচ্ছেদ

আমিরুল মুমিনিন আলি রাদিয়াল্লাহু আনহুর
শাসনামলে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর ভূমিকা ১৯৩
এক. উসমান হত্যার কিসাস গ্রহণের পদ্ধতি নিয়ে সাহাবিগণের মতানৈক্য ১৯৫
দুই. ৩৭ হিজরির সিফফিন যুদ্ধ ১৯৭
যুদ্ধপূর্ব ধারাবাহিক ঘটনাবলি— ১৯৭
১. উম্মে হাবিবা রাদিয়াল্লাহু আনহা কর্তৃক উসমান রাদিয়াল্লাহুর আনহুর
রক্তাক্ত জামাটি নুমান ইবনু বশির মারফত মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু
ও শামবাসীর কাছে প্রেরণ ১৯৭
২. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর বাইআত গ্রহণ না করার নেপথ্যে ১৯৯
৩. আলি রাদিয়াল্লাহু আনহুর প্রতি মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর জবাবি চিঠি ২০৬
৪. শাম অভিযানের লক্ষ্যে আলি রাদিয়াল্লাহু আনহুর প্রস্তুতি ২০৭
৫. জঙ্গে জামালের পর মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর কাছে প্রতিনিধি প্রেরণ ২০৮
৬. আলি রাদিয়াল্লাহু আনহুর শাম অভিমুখে যাত্রা ২১০
৭. সিফফিন অভিমুখে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু ২১১
৮. পানির নিয়ন্ত্রণ নিয়ে যুদ্ধ ২১৩
৯. দুপক্ষের মধ্যকার অঙ্গীকার ও সমঝোতা চেষ্টা ২১৪
তিন. যুদ্ধের সূচনা ২১৬
১. যুদ্ধের প্রথম দিন ২১৬
২. যুদ্ধের দ্বিতীয় দিন ২১৮
৩. লাইলাতুল হারির ও জুমার দিন ২২০
৪. সালিসের আহ্বান ২২১
৫. আম্মার ইবনু ইয়াসিরের শাহাদত ও মুসলিম জনমনে এর প্রভাব ২২৭
৬. আম্মার রাদিয়াল্লাহু আনহুর হত্যাকারী কে? ২৩৪
৭. যুদ্ধে উভয় পক্ষের পারস্পরিক সদাচরণ ২৩৬
৮. বন্দিদের সঙ্গে আলি রাদিয়াল্লাহু আনহুর সৌজন্যবোধ ২৩৮
৯. যুদ্ধে হতাহতের সংখ্যা ২৩৯
১০. নিহতদের খোঁজখবর নেওয়া এবং তাদের প্রতি আলি
রাদিয়াল্লাহু আনহুর সহানুভূতি ২৪০
১১. রোম সম্রাটের বিরুদ্ধে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর কঠোর অবস্থান ২৪১
১২. সিফফিনে আমর ইবনুল আসকে নিয়ে বানোয়াট কাহিনি ২৪২
১৩. সিফফিন থেকে ফেরার পথে গোরস্থান হয়ে আলি রাদিয়াল্লাহু
আনহুর অতিক্রমণ ২৪৪

১৪. উসমান রাদিয়াল্লাহু আনহুর ঘাতকদের যুদ্ধ জারি রাখার চেষ্টা ২৪৪
১৫. আলি রাদিয়াল্লাহু আনহু মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুকে গালাগালি ও শামবাসীকে লানত করতে নিষেধ করতেন ২৪৫
চার. সালিশ ২৪৬
পাঁচ. সালিশি চুক্তিপত্রের পাঠ ২৪৮
ছয়. সালিশ সম্পর্কিত একটি প্রসিদ্ধ ঘটনা ও তার অসত্যতা ২৫০
সাত. ইসলামি রাষ্ট্রগুলোর দ্বন্দ্ব নিরসনে কি সালিশ নির্ধারণের ঘটনা থেকে শিক্ষা নেওয়া যায়? ২৬৪
আট. এ যুদ্ধগুলোর ব্যাপারে আহলুস সুন্নাহর অবস্থান ২৬৫
নয়. সিফফিন যুদ্ধের পর মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর পক্ষে পটপরিবর্তন ২৭৩
দশ. আমিরুল মুমিনিন আলি ও মুআবিয়ার মধ্যকার সন্ধিচুক্তি ২৭৫
এগারো. আলি রাদিয়াল্লাহু আনহুর শাহাদাত এবং মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর এই সংবাদ প্রাপ্তি ২৭৬

চতুর্থ পরিচ্ছেদ

হাসান রাদিয়াল্লাহু আনহুর খিলাফতকালে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু ২৮০
১. হাসান রাদিয়াল্লাহু আনহুর পক্ষে থাকা শরয়ি মনোনয়ন ২৮২
২. হাসান রাদিয়াল্লাহু আনহুর অবস্থান ও নেতৃত্বসুলভ যোগ্যতা ২৮৩
৩. হাসান রাদিয়াল্লাহু আনহুর দলে থাকা নেতৃস্থানীয় মহান ব্যক্তিত্বগণ ২৮৫
৪. ইরাকবাসীর স্বভাব সম্পর্কে তার জানাশোনা ২৮৫
৫. আমর ইবনুল আস ও মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুমার পক্ষ থেকে হাসান রাদিয়াল্লাহু আনহুর শক্তি পর্যবেক্ষণ ২৮৬
এক. সন্ধির গুরুত্বপূর্ণ ধাপসমূহ ২৮৭
দুই. সন্ধির পথ অবলম্বনের বিশেষ কিছু কারণ ২৮৯
১. আল্লাহর কাছে রক্ষিত প্রতিদানপ্রাপ্তির আকাঙ্ক্ষা ও উম্মাহর পুনর্গঠনের ইচ্ছা ২৮৯
২. হাসান রাদিয়াল্লাহু আনহুর জন্য রাসুল সা.-এর দুআ ২৮৯
৩. মুসলিমদের রক্তের সুরক্ষা ২৯০
৪. উম্মাহর ঐক্যের ব্যাপারে হাসান রাদিয়াল্লাহু আনহুর ঐকান্তিক বাসনা ২৯০
৫. আমিরুল মুমিনিন আলি রাদিয়াল্লাহু আনহুর শাহাদত ২৯০
৬. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর ব্যক্তিত্ব ২৯১
৭. ইরাকি সেনাবাহিনী এবং কুফাবাসীর মাঝে বিদ্যমান অরাজক পরিস্থিতি ২৯২
৮. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর বাহিনীর শক্তিমত্তা ২৯২

তিন. সন্ধির শর্তাবলি ২৯৩
১. কুরআন, সুন্নাহ ও খুলাফায়ে রাশিদিনের সিরাত অনুযায়ী আমল করতে হবে ২৯৩
২. সম্পদ ২৯৩
৩. রক্ত ও প্রাণের সুরক্ষা ২৯৪
৪. পরবর্তী খলিফা নির্ধারণে স্থলাভিষিক্ত নিয়োগ করা হবে নাকি মজলিসে শুরার কাছে এর ভার ন্যস্ত করা হবে? ২৯৫
চার. সন্ধির ফলাফল ২৯৬

দ্বিতীয় অধ্যায়

মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর হাতে বাইআত গ্রহণ, তার উল্লেখযোগ্য গুণাবলি এবং তার শাসনপদ্ধতি-২৯৭

প্রথম পরিচ্ছেদ

মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর হাতে বাইআত গ্রহণ, তার উল্লেখযোগ্য গুণাবলি এবং তার ব্যাপারে আলিমদের প্রশংসা ২৯৯
এক. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর হাতে বাইআত ২৯৯
১. খিলাফতে রাশিদার সমাপ্তি ৩০৩
২. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু কি বারো খলিফার অন্তর্ভুক্ত? ৩০৯
দুই. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর বিশেষ গুণাবলি ৩১১
১. ইলম ও ফিকহ ৩১১
২. ক্ষমা ও সহনশীলতা ৩১৮
৩. কুশলী প্রজ্ঞা ও বিচক্ষণতা ৩২৩
৪. সীমাহীন মেধা এবং অকল্পনীয় অনুধাবন ক্ষমতা ৩২৯
৫. বিনয় ও খোদাভীতি ৩৩৭
৬. আল্লাহর ভয়ে ক্রন্দন ৩৩৮
তিন. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর প্রশংসায় উলামায়ে কিরাম ও খাইরুল কুরুনে উমাইয়া শাসনামলের অন্তর্ভুক্তি ৩৪০
১. উমর ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু ৩৪০
২. আলি ইবনু আবি তালিব রাদিয়াল্লাহু আনহু ৩৪১
৩. আবদুল্লাহ ইবনু উমর রাদিয়াল্লাহু আনহুমা ৩৪১
৪. আবদুল্লাহ ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা ৩৪২
৫. সাদ ইবনু আবি ওয়াক্কাস রাদিয়াল্লাহু আনহু ৩৪২

৬. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু ৩৪২
৭. আবু দারদা রাদিয়াল্লাহু আনহু ৩৪৩
৮. সাইদ ইবনুল মুসাইয়িব রাহিমাহুল্লাহ ৩৪৩
৯. আবদুল্লাহ ইবনু মুবারক রাহিমাহুল্লাহ ৩৪৩
১০. উমর ইবনু আবদুল আজিজ রাহিমাহুল্লাহ ৩৪৪
১১. মুআফি ইবনু ইমরান ৩৪৪
১২. ইমাম আহমাদ ইবনু হাম্বল রাহিমাহুল্লাহ ৩৪৪
১৩. রবি ইবনু নাফে আল-হালাবি ৩৪৫
১৪. ইবনু আবিল ইজ্জ আল-হানাফি ৩৪৫
১৫. কাজি ইবনুল আরাবি আল-মালিকি ৩৪৫
১৬. ইমাম ইবনু তাইমিয়া রাহিমাহুল্লাহ ৩৪৬
১৭. ইমাম জাহাবি রাহিমাহুল্লাহ ৩৪৬
১৮. ইবনু কাসির রাহিমাহুল্লাহ ৩৪৭
১৯. ইবনু খালদুন রাহিমাহুল্লাহ ৩৪৭

দ্বিতীয় পরিচ্ছেদ

মুসলিম রাষ্ট্রপ্রধান হিসেবে উম্মাহর সঙ্গে মুআবিয়ার সম্পর্ক ৩৫৩
এক. খলিফার দায়িত্ব ও আবশ্যকীয় কর্তব্য ৩৫৩
দুই. খলিফার প্রাপ্য অধিকার ৩৫৫
তিন. উমাইয়া সাম্রাজ্যের রাজধানী এবং শামের ফজিলত সম্পর্কে নবিজির হাদিসসমূহ ৩৫৭
চার. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে আহলুল হাল্লি ওয়াল আকদ ৩৬৪
১. আহলুল হাল্লি ওয়াল আকদের অর্থ নির্ধারণে ফকুহাহে উম্মতের অভিমত ৩৬৫
পাঁচ. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর শাসনামলে শুরাব্যবস্থা ৩৬৯
ছয়. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে বাকস্বাধীনতা ৩৭৪
১. আবু মুসলিম আল-খাওলানি রাহিমাহুল্লাহ ৩৭৫
২. কবি ফারাজদাকের নিন্দা ৩৭৭
৩. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর মজলিসে উম্মু সিনান বিনতু খাইসামা ৩৭৮

তৃতীয় অধ্যায়

মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে
অভ্যন্তরীণ রাজনীতি-৩৮১

প্রথম পরিচ্ছেদ

বয়োজ্যেষ্ঠ সাহাবি, তাদের সন্তান এবং
বনু হাশিমের সদস্যদের সাথে সদাচরণ ৩৮২
এক. খিলাফত হস্তান্তরের পর হাসান রাদিয়াল্লাহু আনহুর সাথে
মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর সম্পর্ক ৩৮৩
দুই. হাসান ইবনু আলি ও আবদুল্লাহ ইবনু জুবাইর রাদিয়াল্লাহু আনহুমার
সঙ্গে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর সম্পর্ক ৩৮৬
তিন. আবদুল্লাহ ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুর সঙ্গে মুআবিয়া
রাদিয়াল্লাহু আনহুর সম্পর্ক ৩৮৭
চার. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু কি উমাইয়াদের মিম্বরে দাঁড়িয়ে
আলি রাদিয়াল্লাহু আনহুর নিন্দার প্রচলন করেছিলেন? ৩৮৯
পাঁচ. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু এবং হাসান রাদিয়াল্লাহু
আনহুকে বিষ প্রয়োগ ৩৯৬
ছয়. উসমান রাদিয়াল্লাহু আনহুর হত্যাকারীদের ব্যাপারে মুআবিয়া
রাদিয়াল্লাহু আনহুর অবস্থান ৪০০
সাত. হুজর ইবনু আদি হত্যার ঘটনা ৪০২
১. হুজর ইবনু আদি ও তার সঙ্গীদের বিষয়ে মুআবিয়া
রাদিয়াল্লাহু আনহুর ফয়সালা ৪০৮
২. হুজর ইবনু আদি হত্যায় আয়েশা রাদিয়াল্লাহু আনহার অবস্থান ৪১২
৩. হুজর ইবনু আদি হত্যায় মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর অনুশোচনা ৪১৩
৪. মালিক ইবনু হুবাইরা আস সাকুনির সঙ্গে মুআবিয়া রাদিয়াল্লাহু
আনহুর আচরণ ৪১৪
৫. হুজরের শোকে রচিত মার্সিয়া ৪১৫

এক. সামাজিক জীবনে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু ৩৯
১. মুআবিয়া এবং আমর ইবনুল আস রাদিয়াল্লাহু আনহুমার মধ্যকার সম্পর্ক ৩৯
২. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর মীমাংসা ৩৯
৩. আমার অধিকারই বেশি ৪০
৪. সে তো আমাকেই আমার মৃত্যুর সংবাদ দিচ্ছে ৪০
৫. বনু উমাইয়ার এক কবিকে দেওয়া মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর উপদেশ ৪০
৬. বসরায় আমার ঘর নয়, বলুন পুরো বসরাই আমার ঘর ৪১
৭. আমি জানতাম, সে অসুস্থ হয়ে পড়বে ৪১
৮. আপনি আমার লোকমার মধ্যে চুল দেখে ফেলেছেন? ৪২
৯. আপনি আবায়া নয়, আবায়া পরিহিত ব্যক্তির সাথে কথা বলছেন ৪২
১০. আল্লাহ তোমার ভাগ্যে যাকে রেখেছেন সেই তোমার স্বামী হয়েছে ৪২
১১. বুদ্ধিমান লোকেরা বিনোদন পছন্দ করে; কথাটি কি সঠিক? ৪৩
১২. আয়েশা রাদিয়াল্লাহু আনহার ঋণ পরিশোধ ৪৪
১৩. নাগরিকদের প্রয়োজন পূরণ ৪৪
১৪. পুণ্যবানদের মৃত্যুতে ভারাক্রান্ত মন ৪৫
১৫. মসজিদ সম্প্রসারণ ও জলাধার রক্ষণাবেক্ষণ ৪৫
১৬. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর শাসনামলে ঘোড়দৌড় ৪৬
১৭. হাজি ও রোজাদারদের মেহমানদারি ৪৭
১৮. আল্লাহ তাআলা তোমার চেয়েও ক্ষমতাবান ৪৭
দুই. ইলমের ময়দানে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর অবদান ৪৭
১. ইতিহাস ৪৮
২. ভাষা ও কাব্য সাহিত্য ৪৯
৩. প্রায়োগিক বিদ্যা ৫৩

চতুর্থ পরিচ্ছেদ

মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে খারিজি সম্প্রদায় ৫৬
প্রথম মূলনীতি ৫৭
দ্বিতীয় মূলনীতি ৫৮
এক. কুফায় খারিজিদের কার্যক্রম ৫৯
১. ফারওয়া ইবনু নাওফাল আল-আশজায়ির বিদ্রোহ ৫৯
২. মুসতাওরিদ ইবনু উল্লাফা আত-তামিমির আন্দোলন ৬১
দুই. বসরায় খারিজিদের কার্যক্রম ৬৩
১. ইয়াজিদ আল-বাহিলি ও সাহম আল-হুজাইমির আন্দোলন ৬৩

২. কুরাইব আল-আজদি ও জাহহাফ আত-তায়ির আন্দোলন ৬৪
৩. উরওয়া ইবনু উদাইয়াহ আল-খারিজি ৬৫
৪. মিরদাস ইবনু উদাইয়ার আন্দোলন ৬৬
তিন. কিছু শিক্ষণীয় বিষয় ৬৮
খারিজিদের বিরুদ্ধে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু
কর্তৃক গৃহীত পদক্ষেপ থেকে গুরুত্বপূর্ণ কিছু শিক্ষা ৬৮
১১. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু যুগে খারিজি আন্দোলনের বৈশিষ্ট্য ৭১
১২. খারিজিদের পক্ষে আবু বাকরা সাকাফি রাদিয়াল্লাহু আনহুর
সুপারিশ ও মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুকে করা নসিহত ৭৩
১৩. খারিজিদের বিরুদ্ধে লড়াইয়ে আবেগের ব্যবহার ৭৩

পঞ্চম পরিচ্ছেদ

মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে অর্থব্যবস্থা ৭৫
এক. রাজস্বখাত ৭৫
১. জাকাত ৭৫
২. জিজিয়া ৭৭
৩. খারাজ তথা ভূমিকর ৮০
৪. উশর ৮৩
৫. সাওয়াফি ও খাস জমি ৮৫
৬. গনিমত ৮৮
দুই. সাম্রাজ্যের ব্যয়ের খাত ৮৯
১. সামরিক খাত ৮৯
১. মিসর ৯০
২. শাম ৯১
৩. ইরাক ৯১
২. প্রাতিষ্ঠানিক খরচাদি ৯২
৩. জাকাত ব্যয়ের খাত ৯৩
৪. মালে ফাই ব্যয়ের খাত ৯৪
৫. উশর ব্যয়ের খাত ৯৪
৬. দুঃস্থভাতা ও সামাজিক অনুদান ৯৪
তিন. কৃষিব্যবস্থার প্রতি সাম্রাজ্যের গুরুত্বারোপ ৯৫
চার. দেশি-বিদেশি ব্যবসা-বাণিজ্য ১০১
পাঁচ. পেশা ও শিল্প ১০৫

ছয়. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর শাসনকালে আর্থিক বিষয়ে উত্থাপিত কিছু সংশয় নিরসন ১০৮
১. কিছু অঞ্চলে কর আদায়ের ক্ষেত্রে শৈথিল্য প্রদর্শন ও ভাতা প্রদানে অসামঞ্জস্য ১০৮
২. মনোরঞ্জন ও সমর্থন পেতে সম্পদের ব্যবহার ১১৭
৩. উমাইয়াদের প্রাচুর্যময় জীবনযাপন ১১৮

ষষ্ঠ পরিচ্ছেদ

মুআবিয়া ও উমাইয়া যুগের বিচারব্যবস্থা ১২৩
এক. খুলাফায়ে রাশিদিনের সঙ্গে উমাইয়া শাসনামলের যুগসূত্র ১২৩
দুই. বিচারকার্যক্রম থেকে খলিফাদের অব্যাহতি ১২৪
তিন. বিচারকদের বেতনভাতা ১২৬
চার. রায় লিপিবদ্ধকরণ ও সাক্ষীগ্রহণ ১২৭
পাঁচ. বিচারকদের সহকারী ১২৮
ছয়. পর্যবেক্ষণ ১৩০
সাত. উমাইয়া যুগের আইনি উৎস ১৩০
আট. বিচারকদের বৈশিষ্ট্য ও বিচার বিভাগের স্বাতন্ত্র্য ১৩২
নয়. বিচারক ও বিচারবিভাগ-সংশ্লিষ্ট বিবিধ কাজ ১৩৩
দশ. মুআবিয়া যুগের বিশিষ্ট বিচারকগণ ১৩৫
১. দামেশকে যারা বিচারকার্য পরিচালনা করেছেন ১৩৫
২. মদিনার বিচারকগণ ১৩৬
৩. বসরার বিচারকগণ ১৩৭
৪. কুফার বিচারকগণ ১৩৮
৫. মিসরের বিচারকগণ ১৩৮
এগারো. মুআবিয়া এবং বনু উমাইয়া যুগের বিচারব্যবস্থার বৈশিষ্ট্য ১৩৯
বারো. বিচার বিষয়ে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর প্রতি উমর রাদিয়াল্লাহু আনহুর বিশেষ নির্দেশনা ১৪১

সপ্তম পরিচ্ছেদ

মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর শাসনামলের পুলিশ বিভাগ ১৪৩
এক. ইরাক অঞ্চলে পুলিশ বাহিনী ১৪৪
দুই. অন্যান্য অঞ্চলে পুলিশের কার্যক্রম ১৪৭
তিন. পুলিশের দায়িত্ব-কর্তব্য ১৪৮

১. অভ্যন্তরীণ বিদ্রোহীদের থেকে খলিফা ও শাসকদের সুরক্ষা নিশ্চিত করা ১৪৮
২. আইন অমান্যকারী ও অপরাধীদের শাস্তি ১৫০
৩. শরয়ি আইনের প্রয়োগ ১৫১
চার. অন্যান্য বাহিনী ও দলের সঙ্গে পুলিশের সম্পর্ক ১৫৩
১. দেহরক্ষী ১৫৩
২. অনারব রক্ষী বাহিনী ১৫৪
৩. গোত্রীয় প্রতিনিধি ১৫৫
৪. দুর্নীতি দমন শাখা ১৫৫
৫. বাজার ও ব্যবসায় তদারকি কমিটি ১৫৬
৬. নজরবন্দি করা ১৫৭
৭. দারক বিভাগ ১৫৭

অষ্টম পরিচ্ছেদ

মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর শাসনামলের প্রশাসক এবং প্রশাসনিক ব্যবস্থাপনা ১৫৯
মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর প্রশাসনিক শ্রেণিবিন্যাস ১৬৩
এক. বসরা ১৬৪
মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর আমলে বসরার প্রসিদ্ধ কয়েকজন প্রশাসক ১৬৪
১. বুসর ইবনু আবি আরতাত রাদিয়াল্লাহু আনহু ১৬৪
২. আবদুল্লাহ ইবনু আমের রাদিয়াল্লাহু আনহু (৪১-৪৪ হিজরি) ১৬৪
৩. জিয়াদ ইবনু আবিহি (৪৫-৫৩ হিজরি) ১৬৫
৪. সামুরা ইবনু জুনদুব ১৮০
৫. আবদুল্লাহ ইবনু আমর ইবনু গাইলান আস-সাকাফি ১৮০
৬. উবাইদুল্লাহ ইবনু জিয়াদের খোরাসান ও বসরা শাসন ১৮০
দুই. কুফা, ৪১ হিজরি ১৮১
১. মুগিরা ইবনু শুবা রাদিয়াল্লাহু আনহু ১৮১
২. কুফায় জিয়াদ ইবনু আবিহির শাসন ১৮৩
৩. আবদুল্লাহ ইবনু খালিদ ইবনু উসাইদ ১৮৫
৪. জাহহাক ইবনু কায়স আল-ফিহরি ১৮৫
৫. আবদুর রহমান ইবনু আবদিল্লাহ সাকাফি ১৮৫
৬. নুমান ইবনু বাশির (৫৯-৬০ হিজরি) ১৮৫
তিন. মদিনা মুনাওয়ারা ১৮৬

চার. মক্কায় নিযুক্ত মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর প্রশাসকবৃন্দ ২১১
পাঁচ. তায়েফে নিযুক্ত প্রশাসকবৃন্দ ২১১
ছয়. মিসর ২১২
১. আমর ইবনুল আস রাদিয়াল্লাহু আনহু ২১২
২. আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস ২১৪
৩. উতবা ইবনু আবি সুফিয়ান ২১৫
৪. উকবা ইবনু আমের আল জুহানি (৪৭-৪৫ হিজরি) ২১৭
৫. মাসলামা ইবনু মুখাল্লাদ আনসারি ২১৮

চতুর্থ অধ্যায়

মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর
শাসনামলের বিজয়াভিযান-২১৯

প্রথম পরিচ্ছেদ

বাইজেন্টাইন সাম্রাজ্যের বিরুদ্ধে জিহাদ ২৩০
এক. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহু ও কনস্টান্টিনোপল ২৩১
দুই. কনস্টান্টিনোপলের কর্তৃত্ব লাভে কূটনৈতিক কৌশল ২৩২
১. মিসর ও শামে জাহাজ নির্মাণ শিল্পে গুরুত্বারোপ ২৩২
২. মিসর ও শামের সমুদ্রসীমা সুরক্ষা ব্যবস্থাপনা ২৩৩
৩. ভূমধ্যসাগরের পূর্বাঞ্চলের দ্বীপসমূহ বিজয় ২৩৪
৪. সামুদ্রিক প্রস্তুতির সফলতার জরুরি অনুষঙ্গ ২৩৫
তিন. কনস্টান্টিনোপলে প্রথম অবরোধ ২৩৭
চার. কনস্টান্টিনোপল অবরোধে আবু আইয়ুব আনসারির ইনতিকাল ২৩৯
পাঁচ. কনস্টান্টিনোপলে দ্বিতীয় অবরোধ ২৪২
ইসলামি সাম্রাজ্যের দিক ২৪৫
ছয়. দুই সাম্রাজ্যের মধ্যে শান্তিপূর্ণ সম্পর্ক ২৪৬
১. পত্রবিনিময় ২৪৬
২. অভিজ্ঞতা বিনিময় ২৪৮
৩. ইসলামি সহিষ্ণুতায় বাইজেন্টাইন সাম্রাজ্যের প্রভাবিত হওয়া ২৪৮
৪. দূতদের শিষ্টাচার ২৪৯
সাত. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে জারাজিমা গোষ্ঠী ২৫০
আট. রোমান ভূখণ্ডের যোদ্ধা আবু মুসলিম খাওলানি ২৫১

দ্বিতীয় পরিচ্ছেদ

মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে উত্তর আফ্রিকার বিজয়সমূহ ২৫৪
এক. মুআবিয়া ইবনু হুদাইজের অভিযান ২৫৪
দুই. উকবা ইবনু নাফে এবং আফ্রিকা বিজয় ২৫৭
তিন. কাইরাওয়ান শহর নির্মাণ ২৫৮
১. বৈশিষ্ট্যমণ্ডিত কাইরাওয়ান শহর ২৬০
২. কাইরাওয়ান : ইসলামি সভ্যতা ও জ্ঞানচর্চার কেন্দ্র ২৬১
চার. ৫৫ হিজরিতে উকবাকে অপসারণ ও আবুল মুহাজির দিনারকে পদায়ন ২৬৬
পাঁচ. আবুল মুহাজির দিনারের বিজয়সমূহ ২৬৮
১. তিলমিসান যুদ্ধ ২৭১
২. কুসাইলার ইসলাম গ্রহণ ২৭১
ষষ্ঠ. উকবা ইবনু নাফের দ্বিতীয় অভিযান (৬২-৬৩ হিজরি) ২৭২
১. কাইরাওয়ান থেকে আটলান্টিক মহাসাগর অভিমুখে ২৭৪
২. উকবা ইবনু নাফে ও আবুল মুহাজিরের শাহাদত ২৮২
৩. মুসলিমদের ওপর তাহুজাহ যুদ্ধের প্রভাব (৬৩ হিজরি) ২৮৫

তৃতীয় পরিচ্ছেদ

উমাইয়া সাম্রাজ্যের পূর্বাঞ্চলে বিজয়াভিযানসমূহ ২৮৭
এক. খোরাসান, সিজিস্তান ও মা-ওয়ারাউন-নাহারে বিজয়সমূহ ২৮৭
দুই. হাকাম ইবনু আমর গিফারিকে নিয়োগ দান ২৮৯
তিন. উবাইদুল্লাহ ইবনু জিয়াদ ২৯০
চার. সাঈদ ইবনু উসমান ইবনু আফফান (৫৬ হিজরি) ২৯২
পাঁচ. উবাইদুল্লাহ ইবনু জিয়াদের ভাই সালাম ইবনু
জিয়াদের বিজয় (৫৭ হিজরি) ২৯৫
ছয়. মুআবিয়ার যুগে সিন্ধু অঞ্চলের বিজয়সমূহ ৩০০

চতুর্থ পরিচ্ছেদ

মুআবিয়ার বিজয়সমূহে গুরুত্বপূর্ণ শিক্ষা, নিদর্শন ও অর্জনসমূহ ৩০২
এক. মুজাহিদদের মননে আয়াত ও হাদিসের প্রভাব ৩০২
দুই. মুআবিয়ার বিজয়সমূহে আল্লাহ তাআলার রীতিবিধান ৩০৭
১. একতা ও সংহতি প্রতিষ্ঠায় আল্লাহ তাআলার বিধান ৩০৭
২. উপায়-উপকরণ অবলম্বনের রীতি ৩০৮
৩. একে অপরকে প্রতিহত করার রীতি ৩০৯

৪. কষ্টে নিপতিত হওয়ার রীতি ৩১০
৫. অত্যাচার ও অত্যাচারীর ক্ষেত্রে আল্লাহর রীতি ৩১০
৬. বিত্তবানদের ক্ষেত্রে আল্লাহর রীতি ৩১১
৭. অবাধ্যতা ও সীমালঙ্ঘনকারীদের ক্ষেত্রে আল্লাহর রীতি ৩১২
৮. ধীরে ধীরে পর্যায়ক্রমে করার রীতি ৩১৩
৯. পাপ ও অপরাধের ক্ষেত্রে আল্লাহর রীতি ৩১৩
১০. নিজেদের পরিবর্তনের রীতি ৩১৪
তিন. বিজয়সমূহে মুআবিয়ার কৌশলগত পরিকল্পনা ৩১৪
১. রোমানদের সঙ্গে কূটনীতি ৩১৪
২. উত্তর আফ্রিকা অঞ্চলের সঙ্গে কূটনীতি ৩১৫
৩. সিজিস্তান, খোরাসান ও মা-ওরাউন নাহার অঞ্চলের ক্ষেত্রে কূটনীতি ৩১৫
চার. বিজয় অভিযান পরিচালনা ও প্রশাসনে শুরা-পদ্ধতি ৩১৬
পাঁচ. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর প্রশাসন পরিচালনা ও সহায়তা কেন্দ্রীয়করণ ৩১৬
ছয়. পতাকা ও ঝান্ডাসমূহ ৩১৭
সাত. গুপ্তচর ও ডাক বিভাগের প্রতি গুরুত্বারোপ ৩১৮
আট. সাম্রাজ্যের স্থলসীমান্তের প্রতি গুরুত্বারোপ ৩১৯
নয়. নৌবহর ও সমুদ্রসীমার প্রতি গুরুত্বারোপ ৩২২
দশ. সেনাবাহিনীর দপ্তর ও রেশন-ভাতার প্রতি গুরুত্বারোপ ৩২৪
এগারো. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে জ্ঞান, অর্থনীতি ও সামাজিক উন্নতি ৩২৬
মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে ইসলামি সভ্যতায় ইলমি অবদান ৩২৬
বিজয়সমূহের অর্থনৈতিক ও সামাজিক অবদান ৩২৭
মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে সামাজিক দায়িত্বগ্রহণ ৩২৭
বারো. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর যুগে মুজাহিদদের কারামতসমূহ ৩২৮
আহলুস সুন্নাত ওয়াল জামাআত কারামত স্বীকার করেন ৩৩১
তেরো. খোরাসানে আসাল পাহাড়ের যুদ্ধে হাকাম ইবনু আমর আল গিফারির গণিমত বণ্টনের ঘটনা ৩৩১
চৌদ্দ. সিলাহ ইবনু আশইয়াম ও তার ছেলের শাহাদতবরণ (৬২ হিজরি, সিজিস্তান) ৩৩৪

পঞ্চম পরিচ্ছেদ

স্থলাভিষিক্ত নিয়োগ এবং মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর মৃত্যু ৩৩৬
এক. ইয়াজিদের বাইআত নিয়ে ভাবনার সূচনা ৩৩৬

দুই. ইয়াজিদের বায়আতের জন্য যেসব পদক্ষেপ গ্রহণ করা হয় ৩৩৭
১. পরামর্শসমূহ ৩৩৭
২. প্রচারণামূলক কার্যক্রম ৩৪১
৩. ইয়াজিদের বাইআতকে শামবাসীর সাদরে গ্রহণ ৩৪২
৪. প্রতিনিধিদের বাইআত ৩৪৩
৫. মদিনাবাসীর কাছে আহ্বান ৩৪৪
চার. আবদুর রহমান ইবনু খালিদ ইবনু ওয়ালিদের ইন্তেকাল ৩৫৩
পাঁচ. ইয়াজিদকে মনোনয়নের নেপথ্য কারণসমূহ ৩৫৫
১. উম্মাহর সংহতি রক্ষা ৩৫৫
২. গোত্রপ্রীতির শক্তি ৩৫৬
৩. ছেলের প্রতি ভালোবাসা বা সন্তুষ্টি ৩৫৮
ছয়. বাইআত প্রসঙ্গে সমালোচনার ঝড় ৩৬০
১. আবু বকর রাদিয়াল্লাহু আনহুকে নির্বাচন করার পদ্ধতি ৩৬১
২. উমর রাদিয়াল্লাহু আনহুকে নির্বাচন করার পদ্ধতি ৩৬৪
৩. উসমান রাদিয়াল্লাহু আনহুকে নির্বাচন করার পদ্ধতি ৩৬৮
৪. আলি রাদিয়াল্লাহুকে নির্বাচন করার পদ্ধতি ৩৭২
৫. হাসান ইবনু আলি রাদিয়াল্লাহু আনহুকে নির্বাচন করার পদ্ধতি ৩৭৪
৬. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুকে নির্বাচন করার পদ্ধতি ৩৭৫
৭. মুআবিয়ার শাসনামলে স্থলাভিষিক্ত নিয়োগের চিন্তা ৩৭৫
সাত. জীবনসায়াহ্নের দিনগুলো ৩৮০
১. ইয়াজিদের প্রতি মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর অসিয়ত ৩৮০
২. মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর শেষ খুতবা, রোগবৃদ্ধি ও মৃত্যুবরণ ৩৮৫
৩. মুআবিয়ার মৃত্যুসন ও জানাজার নামাজের ইমাম ৩৮৮
৪. মৃত্যুকালে মুআবিয়া রাদিয়াল্লাহু আনহুর বয়স ৩৮৯
৫. খিলাফতকালের ব্যাপ্তি ৩৮৯
৬. মুআবিয়ার প্রতি শোকগাথা ৩৯০
৭. ইবনু আব্বাসের শোক ৩৯০
৮. মোহরের নকশা ৩৯১
৯. রাসুলের স্মৃতিচিহ্নে বরকত লাভ ৩৯১

সূ চি প ত্র

পঞ্চম অধ্যায়

ইয়াজিদ ইবনু মুআবিয়ার সময়কাল-১৫

প্রথম পরিচ্ছেদ

নাম, উপনাম, বংশ, জীবনযাপন ও খিলাফতগ্রহণ ১৭
এক. নাম, উপনাম ও বংশ ১৭
দুই. জন্ম ও বেড়ে ওঠা ১৭
তিন. ইয়াজিদের স্ত্রী ও সন্তানসন্ততি ২২
চার. ইয়াজিদের কনস্টান্টিনোপল অভিযান ২৪
পাঁচ. ইয়াজিদের উল্লেখযোগ্য কিছু গুণ ২৬
১. তার বীরত্ব ও শক্তিমত্তা ২৬
২. কবিতা ও বাগ্মিতা ২৭
৩. বদান্যতা ২৭
৪. শারীরিক গঠন ২৮
ছয়. ইয়াজিদের বাইআত গ্রহণ ২৮

দ্বিতীয় পরিচ্ছেদ

হুসাইন ইবনু আলি রাদিয়াল্লাহু আনহুর কুফা গমন-৩৩
এক. নাম, বংশ ও মর্যাদা ৩৩
কৃতিত্ব ও শ্রেষ্ঠত্ব ৩৩
দুই. হুসাইন রাদিয়াল্লাহু আনহুর কুফা গমনের কারণসমূহ এবং
এ ব্যাপারে ফাতওয়া ৩৪
প্রথম পর্যায় ৩৫
ইয়াজিদের হাতে বাইআত না হওয়া ও মক্কা চলে যাওয়া ৩৫

দ্বিতীয় পর্যায় ৩৬
উমাইয়া শাসনের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ ৩৬
তিন. হুসাইন রাদিয়াল্লাহু আনহুর কুফা গমনের সংকল্প; সাহাবি ও তাবেয়িনের উপদেশ ও অভিমত ৩৭
১. হুসাইন রাদিয়াল্লাহু আনহুর কুফা গমনের সংকল্প ৩৭
২. কুফাগমনকে কেন্দ্র করে সাহাবি ও তাবেয়িনের অবস্থান ৩৯
চার. কুফা নিয়ে ইয়াজিদের অবস্থান ৪৮
পাঁচ. উবাইদুল্লাহ ইবনু জিয়াদের জরুরি কর্মসূচি ৫১
১. মুসলিম ইবনু আকিলের পরিকল্পনা নস্যাৎ করা ৫১
২. হানি ইবনু উরওয়াকে গ্রেফতার ৫২
৩. কুফার বিদ্রোহ দমনে ইবনু জিয়াদ কর্তৃক অভিজাত ব্যক্তিদের ব্যবহার ৫৩
৪. মুসলিম ইবনু আকিলকে গ্রেফতার ও হত্যা ৫৬
৫. হানি ইবনু উরওয়াকে হত্যা ৫৮
